# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ৬১১২

পর্ব-৩০: মান-মর্যাদা (كتاب المناقب)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ - আশারাহ্ মুবাশশারা রাযিয়াল্লাহু আনহুমা-এর মর্যাদা ও বৈশিষ্ট্য

الفصل الاول (بَابُ مَنَاقِبِ الْعَشَرَةِ رَضِيَ اللَّهُ عَنْهُمْ)

---

আরবী

وَعَن عليٍّ قَالَ: مَا سَمِعْتُ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ جَمَعَ أَبَوَيْهِ لِأَحَدٍ إِلَّا لِسَعْدِ بْنِ مَالِكٍ فَإِنِّي سَمِعْتُهُ يَقُولُ يَوْمَ أُحُدٍ: «يَا سَعْدُ ارْمِ فَدَاكَ أَبِي وَأُمِّي» . مُتَّفق عَلَيْهِ

متفق علیہ ، رواہ البخاری (4059) و مسلم (41 / 2411)، (6233) ۔

(مُتَّفَقٌ عَلَيْهِ)

বাংলা

৬১১২-[৫] ’আলী (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, নবী (সা.) উহুদ যুদ্ধের দিন সা’দ ইবনু মালিক (আবূ ওয়াক্কাস) ছাড়া আর কারো উদ্দেশে নিজের পিতামাতাকে একত্রিত করতে আমি শুনিনি। আমি শুনেছি, উহুদ যুদ্ধের দিন তিনি (সা’দকে লক্ষ্য করে) বলেছেন, হে সা’দ (শত্রুদের প্রতি) তীর নিক্ষেপ কর। আমার পিতা ও মাতা তোমার জন্য কুরবান। (বুখারী ও মুসলিম)

ফুটনোট

সহীহ: বুখারী ২৯০৫, মুসলিম ৪১-(২৪১১), তিরমিযী ২৮৩০, সহীহুল জামি' ৭৯১১, সহীহ আল আদাবুল মুফরাদ ৬২১, মুসনাদে আহমাদ ১১৪৭, আবূ ইয়া'লা ৪২২, সহীহ ইবনু হিব্বান ৬৯৮৮, আস সুনানুল কুবরা লিন্ নাসায়ী ১০০১৯, আল মুজামুল কাবীর লিত্ব ত্ববারানী ৩১৯, আল মু'জামুল আওসাত্ব ৫৬২৭, আল মুসতাদরাক লিল হাকিম ২৪৭২, আস্ সুনানুল কুরা লিল বায়হাকী ১৮৯৮২, আল আদাবুল মুফরাদ ৮০৪।

ব্যাখ্যা

ব্যাখ্যা: কথিত আছে যে, তিনি তার পিতা মাতাকে যুবায়র (রাঃ)-এর ঘটনায়ও একত্রিত করেছিলেন। কিন্তু ‘আলী

(রাঃ) তা জানতেন না। অথবা তিনি উহুদের দিন এটা দ্বারা তাকে শক্তিশালী করতে চাইলেন। এখানে অন্য কারো জন্য বলেননি দ্বারা নবী (সা.) -এর বলাটাকে অস্বীকার করার উদ্দেশ্য নয়। বরং তিনি বিষয়টি জানতেন না। এটাই বুঝা যাচ্ছে। (মিরক্বাতুল মাফাতীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আলী ইবনু আবী তালিব (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=86088

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন